

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.২০.০৮৩.১২(অংশ-২)-৮০২

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫
০৫ জুন ২০১৮

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ


সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপিতে 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতের 'দুর্যোগ/বন্যায় ক্ষতিগ্রস্ত অবকাঠামো উন্নয়ন/মেরামত' উপ-খাতে রক্ষিত অর্থ হতে খুলনা সিটি কর্পোরেশনের অনুকূলে ৩.০০ (তিন) কোটি টাকা ছাড়করণ প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটে সিটি কর্পোরেশনসমূহের জন্য বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে অনুমোদিত বিভাজনে 'দুর্যোগ/বন্যায় ক্ষতিগ্রস্ত অবকাঠামো উন্নয়ন/মেরামত' উপ-খাতে রক্ষিত অর্থ হতে খুলনা সিটি কর্পোরেশনের দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্নবর্ণিত ০৭ টি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ৩.০০ (তিন) কোটি টাকা খুলনা সিটি কর্পোরেশনের অনুকূলে অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম
১	সড়ক বাতি সংরক্ষণ
২	ক্ষতিগ্রস্ত ক্রস ড্রেন/স্লাব নির্মাণ
৩	শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ ড্রেনের পলিমাটি উত্তোলন
৪	শহরের বিভিন্ন স্থানে ড্রেন নির্মাণ ও পুনঃ নির্মাণ
৫	বিভিন্ন হুইস গেটের সম্মুখে পলি অপসারণ
৬	আরসিসি স্লাব/রোড কাটিং মেশিন ক্রয়
৭	মাদ পাম্প (জেনারেটর ও ক্যাবলসহ)

- ২। এই ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭৪৬০-৭২৩১/৭৯৮১ সিটি কর্পোরেশনসমূহের জন্য থোক বরাদ্দ-মূলধন খাতে বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে মিটানো হবে।
- ৩। এই অর্থ ছাড় করণে অর্থ বিভাগের ০৮ মার্চ ২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-১০২ নম্বর স্মারক এবং ২৩/০৪/২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-২০৩ নং স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হয়েছেঃ
- (ক) প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (গ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা দিতে হবে; এবং
- (ঘ) নির্দিষ্ট উন্নয়ন প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে এই অর্থ কোন অবস্থাতেই ব্যয় করা যাবে না।
- ৪। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি বিধান পালন করবেন।



(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.২০.০৮৩.১২(অংশ-২)-৮০২(১/৮)

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫
০৫ জুন ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব (বাজেট-১১)]।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৫. উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা জেলা, খুলনা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৮. অফিস কপি।


(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব